



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

ফোন : ০২২২৩৩৮৬৯১১

পিএবিএক্স : ০২২২৩৩৮০০২১-২৫/২২৩৩

ই-মেইল : dgmpd2@krishibank.org.bd;

www.krishibank.org.bd

সার্কুলার লেটার নং- ০৪/২০২২

তারিখ : ৩০-০৬-২০২২ খ্রি.

বিষয়ঃ সম্প্রতি সিলেট-সুনামগঞ্জসহ দেশের বিভিন্ন এলাকায় বন্যায় ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে মাননীয় প্রধানমন্ত্রীর দ্রাণ ও কল্যাণ তহবিলে ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণের ০১(এক) দিনের মূল বেতনের সমপরিমাণ টাকা প্রদান প্রসঙ্গে।

সম্প্রতি সিলেট-সুনামগঞ্জসহ দেশের বিভিন্ন এলাকায় বন্যায় ক্ষতিগ্রস্ত অসহায় মানুষ মানবেতন জীবন-যাপন করছে। সচেতন নাগরিক হিসেবে বাংলাদেশ কৃষি ব্যাংকে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণেরও দেশের এহেন পরিস্থিতিতে বন্যায় ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীর সাহায্যার্থে এগিয়ে আসা প্রয়োজন। এ প্রেক্ষিতে, সামাজিক দায়বদ্ধতা থেকে ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণের ০১(এক) দিনের মূল বেতনের সমপরিমাণ টাকা সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে মাননীয় প্রধানমন্ত্রীর দ্রাণ ও কল্যাণ তহবিলে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।


২.০ এমতাবস্থায়, বাংলাদেশ কৃষি ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণের জুলাই ২০২২ মাসের বেতন হতে ০১(এক) দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ অনুদান হিসেবে স্বেচ্ছায় প্রদানের জন্য অনুরোধ করা হলো।

৩.০ প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল বিভাগীয়/অফিস প্রধানগণ প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীর নিকট হতে অপরপৃষ্ঠায় মুদ্রিত ছকে একটি 'সম্মতিপত্র' সংগ্রহ করতঃ তা সংরক্ষণ করবেন। মুখ্য অঞ্চল/অঞ্চলাধীন প্রধান শাখা ব্যতীত অন্যান্য শাখা সংগৃহীত অনুদানের টাকা মুখ্য অঞ্চল/অঞ্চলের প্রধান শাখার উপর ক্রেডিট এ্যাডভাইস ইস্যু করে অনুদান প্রদানকারী কর্মকর্তা-কর্মচারীগণের নামের তালিকাসহ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় প্রধান শাখা ব্যতীত অঞ্চলাধীন অন্যান্য সকল শাখার এ্যাডভাইসসমূহ প্রাপ্তি নিশ্চিত হয়ে প্রধান শাখায় প্রেরণ করবে। প্রধান শাখা প্রাপ্ত এ্যাডভাইসসমূহ সাড়া প্রদানপূর্বক ক্ষেত্রমতে বিভাগীয় কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়/মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় এবং নিজ শাখাসহ অঞ্চলাধীন সকল শাখার অনুদানের টাকার একীভূত একটিমাত্র ক্রেডিট এ্যাডভাইস সরাসরি প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১) এ প্রেরণ করবে এবং পাশাপাশি নিজ শাখার অনুদান প্রদানকারী কর্মকর্তা-কর্মচারীগণের নামের তালিকা মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণসহ উক্ত একীভূত ক্রেডিট এ্যাডভাইস প্রধান কার্যালয়ে প্রেরণের বিষয়টি মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়কে লিখিতভাবে অবহিত করবে। সামগ্রিক কার্যক্রম সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় নিবিড় মনিটরিং করবে। বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা ও অন্যান্য কর্পোরেট শাখাসমূহ স্ব-স্ব শাখার অনুদান প্রদানকারী কর্মকর্তা-কর্মচারীগণের নামের তালিকাসহ অনুদানের ক্রেডিট এ্যাডভাইস সরাসরি প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবে।

৪.০ সংশ্লিষ্ট সকল কার্যালয় অনুদানের অর্থ প্রেরণপূর্বক পরবর্তীতে নিরীক্ষণের সুবিধার্থে অনুদান প্রদানকারী কর্মকর্তা-কর্মচারীগণের সম্মতিপত্রসহ একপ্রস্থ তালিকা স্ব কার্যালয়ে সংরক্ষণ করবে।

৫.০ উপর্যুক্ত বিষয়ে ব্যাংকের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীগণের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কাম্য।


অনুমোদনক্রমে-


(মোঃ খোরশেদ আনোয়ার)
উপমহাব্যবস্থাপক
তারিখ : ৩০-০৬-২০২২ খ্রি.

নং-প্রকা/এইচআরএমডি-১/সেকশন-২/৩৭(২)(২৮)/২০২১-২০২২/২৯৮৯(১২৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক/অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, ঢাকা।
৪. সকল উপমহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (সার্কুলার লেটারটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে প্রকাশের জন্য উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হল)।
৫. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৬. সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক (স্থানীয় মুখ্য কার্যালয়সহ)।
৭. সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৮. সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
৯. নথি/মহানথি।


(মোঃ জাহাঙ্গীর আলম)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

বাংলাদেশ কৃষি ব্যাংক
..... শাখা/কার্যালয়/বিভাগ

ছক

সম্প্রতি সিলেট-সুনামগঞ্জসহ দেশের বন্যায় ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিলে ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণের ০১(এক) দিনের মূল বেতনের সমপরিমাণ টাকা প্রদানের সম্মতিপত্র।

আমি (নাম)....., পি এফ সূচক নং-

পদবী :....., কর্মস্থলঃ বাংলাদেশ কৃষি ব্যাংক,

....., সম্প্রতি সিলেট-সুনামগঞ্জসহ দেশের বিভিন্ন এলাকায় বন্যায় ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিলে অনুদান হিসেবে প্রদানার্থে আমার জুলাই ২০২২ মাসের বেতন থেকে ১(এক) দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ ব্যাংক কর্তৃপক্ষকে প্রদান করতে সম্মত আছি। উক্ত অনুদান আমি স্বেচ্ছায় ও স্বতঃস্ফূর্তভাবে সচেতন নাগরিক হিসেবে সম্পূর্ণ মানবিক কারণে প্রদান করলাম।

স্বাক্ষরঃ

নাম :

পদবী :

শাখা/বিভাগ/কার্যালয়

তারিখ :.....